গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgme.gov.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০২.১৩.০০১.২০২১- ১৬২৭ তারিখঃ ০৭/০৭/২০২৩খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের জন্য নিম্নলিখিত শূণ্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে **http://dgmeded.teletalk.com.bd** ওয়েবসাইটে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০১ | ষ্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর। | ০৬(ছয়)টি | বেতন স্কেল ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমান ডিগ্রী।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>(গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজি-৮০ শব্দ বাংলায়-৫০ শব্দ।<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর প্রতি মিনিটে ইংরেজি-৩০ শব্দ বাংলায়-২৫ শব্দ। | মানিকগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, শরীয়তপুর, টাঙ্গাইল, শেরপুর, চাঁদপুর, ফেনী, যশোর, বরিশাল, ভোলা ও পিরোজপুর।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০৪(চার)টি | বেতন স্কেল ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমান ডিগ্রী।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>(গ) সাঁট লিপিতে প্রতি মিনিটে ইংরেজি-৭০ শব্দ বাংলায়-৪৫ শব্দ।<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর প্রতি মিনিটে ইংরেজি-৩০ শব্দ বাংলায়-২৫ শব্দ। | |
| ০৩ | সহকারী লাইব্রেরীয়ান | ০১(এক)টি | বেতন স্কেল ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | ক) সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানের স্নাতক ডিগ্রী বা স্বীকৃত প্রতিষ্ঠান হতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।<br>খ) কম্পিউটার এমএস অফিস ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা সম্পন্ন। | |
| ০৪ | হিসাব রক্ষক | ০১ (এক)টি | বেতন স্কেল ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী। | |
| ০৫ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০৩(তিন)টি | বেতন স্কেল ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা।<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর প্রতি মিনিটে ইংরেজি-২০ শব্দ বাংলায়-২০ শব্দ। | |
| ৬ | ষ্টোর কিপার | ০১ (এক) টি | বেতন স্কেল ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার এমএস অফিস ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা সম্পন্ন। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা **ও অভিজ্ঞতা** | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
| ০৭ | অফিস সহায়ক | ২১(একুশ)টি | বেতন স্কেল ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, জামালপুর, নেত্রকোণা, শেরপুর, চাঁদপুর, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, নওগাঁ, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, খুলনা, মাগুরা ও বরিশাল।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| | মোট | ৩৭ (সাইত্রিশ)টি | | | |

০২. আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহনের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয় ঃ

ক. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

খ. সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০১/০৮/২০২৩ ইং তারিখে বয়স ১৮-৩০ হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারিরীক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিড গ্রহণযোগ্য নহে। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সার্টিফিকেট এর ভিত্তিতে বয়স প্রমানিত হবে।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে/অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতির কপি মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

ঘ. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঙ. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশ গ্রহন করতে পারবেন।

চ. নিয়োগকারী কর্তৃপক্ষ বি**জ্ঞপ্তিতে উল্লিখিত** পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

ছ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

জ. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতার সনদ,**অভিজ্ঞতার সনদ, কোটার সনদ বা প্রমানপত্র**, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, এবং পুরণকৃত Application Form সহ আবেদনে দাখিলকৃত সকল সনদ ও প্রবেশপত্রসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। প্রার্থী যে ইউনিয়ন পরিষদ/পৌরসভার বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র দাখিল করতে হবে এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যাদের পুত্র/কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌর

মেয়র কর্তৃক জারীকৃত প্রার্থীর নাম এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কেও সুস্পষ্ট প্রত্যয়ন থাকতে হবে।

ঝ. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে যে কোন পর্যায়ে যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ঞ. অনুল্লেখিত বিষয়ে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৩। অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী-

(ক) এই বিজ্ঞপ্তির অধীনে পরীক্ষায় অংশগ্রহন ইচ্ছুক প্রার্থীগণ **http://dgmeded.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। Online ফরম এর সকল অংশ (ছবি এবং স্বাক্ষর)সহ যথাযথভাবে পূরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল করা হবে;

আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান আরম্ভের তারিখ ও সময় ২৩/০৭/২০২৩ খ্রি. সকাল ১০:০০ টা হতে।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৪/০৮/২০২৩ খ্রিঃ বিকাল ০৫:০০ টা পর্যন্ত।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদন পত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন।

(গ) যেহেতু online এ আবেদনপত্রে পুরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online এ আবেদনপত্র submit করার পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা (সংশ্লিষ্ট সনদ মোতাবেক) সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online এ পুরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি জমাদানঃ online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Applicants Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit কারী প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicants copy পাবেন। উক্ত Applicants copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষন করবেন। Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে বর্ণিত ক্রমিক ০১-০৬ এর জন্য টেলিটকের সার্ভিস চার্জসহ আবেদন ফি অফেরৎ যোগ্য ২২৩/(দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক ০৭ এর জন্য টেলিটকের সার্ভিস চার্জসহ আবেদন ফি অফেরৎ যোগ্য ১১২/ টাকা (একশত বার) অনধিক ৭২ (বায়াত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য online এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS: DGMEDED**<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **DGMEDED ABCDEF**

**Reply:** Applicants Name.TK.223/112- will be charged as application fee. your PIN is **12345678**

**দ্বিতীয় SMS: DGMEDED**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **DGMEDED YES 12345678**

**Reply:** Congratulation Applicants Name payment completed successfully for DGMEDED Application for post xxxxxxxxxx user ID is (ABCDEF) and password (xxxxxxxxxxxx) দ্বিতীয় SMS পাঠানোর পর ফিরতি SMS এ password টি Admit card (প্রবেশপত্র) download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dgmeded.teletalk.com.bd** ওয়েব সাইট অথবা প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিক ভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ন হলে মৌখিক পরীক্ষার সময়েও অবশ্যই প্রদর্শন করবেন। Admit card (প্রবেশপত্র) download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনঃরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **DGMEDED**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222
Example; **DGMEDED Help User ABCDEF** & send to 16222

(ii) PIN Number জানা থাকলে **DGMEDED Help<space>PIN<space>PIN no** & send to 16222
Example **DGMEDED Help PIN 12345678** & send to 16222

(ঝ)Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা niyog@dgme.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। Mail এর subject-এ Organization Name: **DGMEDED** Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ঞ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে কোন ফ্লেক্সিলোডের অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

অধ্যাপক ডা. বায়জীদ খুরশীদ রিয়াজ
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
ও
সভাপতি নিয়োগ/পদোন্নতি কমিটি।